গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
https://dgfood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৮১.৩২.০০০১.২৬.৪৩৭

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সূচির মাধ্যমে প্রেরিত খাদ্যশস্যের ভি-ইনভয়েস দ্রুততম সময়ের মধ্যে স্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট প্রেরণ।**

সূত্র: চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ২৭.০৬.২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.২৯২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে জানানো যাচ্ছে যে, খাদ্য বিভাগীয় কেন্দ্রীয় সড়ক/বিভাগীয় ও অভ্যন্তরীণ সড়ক/নৌ/রেলওয়ে পরিবহন ঠিকাদারদের মাধ্যমে খাদ্যশস্য ও খালিবস্তা বিভিন্ন কেন্দ্রে পরিবাহিত হয়। ভি-ইনভয়েস সূত্রে খাদ্যশস্য প্রেরণ ও প্রেরিত খাদ্যশস্য গ্রহণ এবং পরিবহন বিল পরিশোধের স্বার্থে প্রতিস্বাক্ষরিত ইনভয়েসসমূহ সংশ্লিষ্ট কর্মকর্তা দ্বারা স্বাক্ষর ও প্রতিস্বাক্ষরপূর্বক পরবর্তী কর্মকর্তার নিকট নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণসহ যথাসময়ে বিল পরিশোধের জন্য সূত্রস্থ স্মারকে নির্দেশনা জ্ঞাপন করা হয়। কিন্তু কোন কোন দপ্তর ভি-ইনভয়েস যথাসময়ে স্বাক্ষর/প্রতিস্বাক্ষরের জন্য দীর্ঘ সময় বিলম্ব করেন। বিলম্বে ভি-ইনভয়েস প্রেরণের ফলে ঠিকাদারগণের পরিবহনকৃত মালামালের বিল প্রাপ্তিতে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। এতে ঠিকদারগণ যথাসময়ে বিল প্রাপ্তিতে সমস্যার সম্মুখীন হচ্ছেন মর্মে জানা যায়।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের চলাচল, পরিকল্পনা, রেল ও সড়ক শাখার সূত্রস্থ স্মারকের পত্র যথাযথভাবে অনুসরণ করে প্রেরক/প্রাপক কেন্দ্রের স্বাক্ষরকারী/প্রতিস্বাক্ষরকারী/নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত ভি-ইনভয়েসসমূহ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। ভি-ইনভয়েস স্বাক্ষর-প্রতিস্বাক্ষরপূর্বক সময়মত যথাস্থানে প্রেরণে এবং ঠিকাদারের পরিবহণ বিল পরিশোধে অহেতুক বিলম্ব বা হয়রানি প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬-০৪-২০২৬
মোঃ আব্দুস সালাম
পরিচালক
ফোন : +৮৮-০২-৪১০৫০৬৯৬
ফ্যাক্স : +৮৮-০২-৪১০৫০৬৯৪
ইমেইল : dmss@dgfood.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো, বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট/ময়মনসিংহ স্টিল সাইলো/মধুপুর স্টিল সাইলো, টাঙ্গাইল/বরিশাল স্টিল সাইলো, বরিশাল।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৮১.৩২.০০০১.২৬.৪৩৭/১ (৪)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

২। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর(মহাপরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য অনুরোধ করা হলো)।

৩। আহ্বায়ক, বাংলাদেশ কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার এসোশিয়েশন, সার্জিকেল মার্কেট, তোপখানা রোড, ঢাকা।

৪। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ খাদ্য পরিবহণ ঠিকাদার সমিতি, চট্টগ্রাম।

২৬-০৪-২০২৬
মোঃ আব্দুস সালাম
পরিচালক